
ইনকিলাব

তারিখ ... / JUL 2008
পৃষ্ঠা - ৬ - কলাম - ৪

# কোচিং সেন্টারগুলো শিক্ষার পরিবেশ কলুষিত করছে

## বিপিসি ও বাকশিসের সংবাদ সম্মেলনে অভিযোগ

ষ্টাফ রিপোর্টার ঃ জাতীয় শিক্ষা কমিশনের সাবেক চেয়ারম্যান প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেছেন, কোচিং সেন্টারগুলো দেশের শিক্ষার পরিবেশ কলুষিত করছে। সরকারী বিভিন্ন সংস্থার পক্ষ থেকে বলা হয়েছে, প্রশ্নপত্র ফাঁসের মতো ঘটনায় কোন কোন কোচিং সেন্টার জড়িত রয়েছে। তাছাড়া কোচিংগুলোতে যোগ্যতা সম্পন্ন শিক্ষকেরও অভাব আছে। সর্বশেষ শিক্ষা



ইনকিলাব ঃ বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ-বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির উদ্যোগে গতকাল জাতীয় প্রেসক্লাবে অনুষ্ঠিত 'শিক্ষার জন্যই শিক্ষাঙ্গন' শীর্ষক সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন প্রফেসর মনিরুজ্জামান মিঞা

কমিশন রিপোর্টে কোচিং সেন্টারগুলো উঠিয়ে দেওয়ার সুপারিশ করা হয়েছে। গতকাল (রোববার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদ (বিপিসি) ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) আয়োজিত এক সংবাদ সম্মেলনে উপস্থিত অতিথি বক্তা হিসেবে তিনি এ কথা বলেন। প্রফেসর মনিরুজ্জামান মিঞা বলেন, বর্তমান বিশ্বায়নের প্রতিযোগিতায় আমরা পিছিয়ে পড়ছি। এর কারণ বিজ্ঞান ও প্রযুক্তিতে আমরা অনগ্রসর। তিনি বলেন, আমাদের জনসংখ্যা আছে, কিন্তু তা জনসম্পদে পরিণত করতে হবে। প্রফেসর মনিরুজ্জামান তাঁর অভিজ্ঞতার আলোকে বলেন, মানসম্পন্ন শিক্ষা ছাড়া দেশের কোন ভবিষ্যৎ নেই। সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন অধ্যক্ষ পরিষদের সভাপতি প্রফেসর মোহাম্মদ মাজহারুল হান্নান। সম্মেলনে 'শিক্ষার জন্যই শিক্ষাঙ্গন' শিরোনামের ওপর বিস্তারিত তুলে ধরে

জানিয়েছে বিপিসি ও বাকশিস নেতৃ
সম্মেলনে বলা হয়, আমাদের দেশে শি
প্রসার ঘটলেও তার মান নিম্নমুখী। এর প্র
কারণ শিক্ষাঙ্গনে সন্ত্রাস, দুর্নীতি, মা
অপসংস্কৃতি ও অপরাজনীতি। শিক্ষাঙ্গনগুলে
সকল প্রকার বিশৃংখলা, অরাজকতা
রাজনৈতিক অনুপ্রবেশ দূর করে শিক্ষার
পরিবেশ গড়ে তুলে কেবল শিক্ষার জ
শিক্ষাঙ্গন গড়ে তুলতে হবে। শিক্ষার
শিক্ষাঙ্গন বিষয়ে জনমত গড়ে তুলতে দেশব
নানা কর্মসূচী গ্রহণ করেছে এই সংগঠন
প্রাথমিক পর্যায়ে বিভাগীয় শিক্ষক সম্মেলন
হবে। আগামী ১৩ জুলাই যশোরে
বিভাগীয়, ২২ জুলাই রাজশাহীতে, ৩০
সিলেটে, ২ জুলাই চট্টগ্রামে ও ৯
বরিশালে বিভাগী সম্মেলন অনুষ্ঠিত হবে। শি
জন্যই শিক্ষাঙ্গন আন্দোলনকে বেগবান
বিভাগীয় সম্মেলন শেষে ঢাকায় দেশের

মহাসম্পাদক প্রফেসর এম শরীফুল ইসলাম, বিপিসি'র সাধারণ সম্পাদক প্রিন্সিপাল হারুনুর রশিদ পাঠান। উপস্থিত ছিলেন, বিপিসি'র সহ-সভাপতি প্রিন্সিপাল মুজিবর রহমান হাওলাদার, বাকশিসের ভারপ্রাপ্ত মহাসম্পাদক ড. একেএম আব্দুল্লাহ প্রমুখ। সংবাদ সম্মেলনে মেধাসম্পন্ন শিক্ষক নিয়োগের জন্যে শিক্ষা সার্ভিস কমিশন গঠন করে যোগ্য শিক্ষক নিয়োগের দাবী

গোলটেবিল বৈঠক করা হবে বলে সম্মেলনে জানানো হয়। সংবাদ সম্মেলনে আরো জানানো হয়, আগস্টের শেষ সপ্তাহে ঢাকায় জাতীয় পর্যায়ে সম্মেলন এবং সেখান থেকে জেলা উপজেলা পর্যায়ে এবং চূড়ান্ত পর্যায়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে শিক্ষার জন্যই শিক্ষাঙ্গন এ বক্তব্য নিয়ে কর্মসূচী গ্রহণ করা হবে।